

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
হিসাব শাখা-২

স্মারক নং-২৫.৩৬.০০০০.৩৬০.০১.২৫৩.১৮-৬০

তারিখঃ ১৫/১০/১৪২৫ বঙ্গাব্দ
২৮/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সংকলনভুক্ত অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০০০.০১.০৯৩.১৮-৫২, তারিখ-০৯/০১/২০১৯ খ্রিঃ।
২। অত্র দপ্তরের স্মারক নং-২৫.৩৬.০০০০.৩৬০.০১.২৫৩.১৮-১৭(১৫৭) তারিখ-২০/০১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও বর্ণিত সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ১নং সূত্রস্থ স্মারকের মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরারধীন জোন/সার্কেল ও বিভাগ সমূহের সংকলনভুক্ত সকল অডিট আপত্তির জবাব প্রস্তুত করে ৩১ জানুয়ারী, ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২নং সূত্রস্থ স্মারকের মাধ্যমে ২৫ জানুয়ারী, ২০১৯ তারিখের মধ্যে সকল সংকলনভুক্ত অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণের জন্য পৃষ্ঠাংকনের মাধ্যমে তাকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যবধি তার দপ্তর হতে কোন জবাব পাওয়া যায়নি। যা দুঃখজনক ও অনভিপ্রেত। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, পিএ কমিটির সভায় সংকলনভুক্ত অডিট আপত্তি সমূহের বিষয়ে মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে প্রিন্সিপাল একাউন্টিং অফিসার হিসাবে জবাবদিহীতা করতে হয়। তাই এ দপ্তরের ভাবমূর্তী যাতে ক্ষুন্ন না হয় সে বিষয়ে সর্বদা সতর্ক দৃষ্টি রাখার পরামর্শ রইল।

এতদবিষয়ে গত ২৩/০১/২০১৯ খ্রিঃ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গণপূর্ত অধিদপ্তরারধীন জোন/সার্কেল ও বিভাগ সমূহের সংকলনভুক্ত সকল অডিট আপত্তি জবাব অবশ্যিক ভাবে ৩১ জানুয়ারী, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনার প্রেক্ষিতে আগামী ২৮ জানুয়ারী, ২০১৯ তারিখের পূর্বে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের সুপারিশসহ বিশেষ বাহক মারফত উপযুক্ত প্রমানক সহ নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। বর্ণিত সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে সৃষ্ট জটিলতার সকল দায়-দায়িত্ব তাকেই বহন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্ব বহন করে।

(মোঃ সাঈদ মাহবুব মোরশেদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মওঅ)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন নং-৯৫৫৯৩৫৭
se_audit@pwd.gov.bd

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী,
গণপূর্ত জোন-----
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
গণপূর্ত সার্কেল-----
- ৩। নির্বাহী প্রকৌশলী,
গণপূর্ত বিভাগ-----

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অডিট বিভাগ, ঢাকা। গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, এম আই এস সেল, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবলোকনের জন্য)।
- ৫। সিনিয়র সহকারী সচিব, অধিশাখা-১২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অফিস কপি/ মাষ্টার কপি।